

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭৯.১১.১৩১.০৬.২৩০

তারিখ: ১৮ আষাঢ়. ১৪২৫

০২ জুলাই ২০১৮

প্রজ্ঞাপন

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর (অবসরপ্রাপ্ত) এ. এম. এম. শামসুর রহমান, সাবেক অধ্যক্ষ, সরকারী আনন্দমোহন কলেজ, ময়মনসিংহকে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদ থেকে অব্যাহতি প্রদানপূর্বক জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন ২০০৬ এর ১২(১) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর জনাব মো. জালাল উদ্দিন, অবসরপ্রাপ্ত প্রফেসর, সমাজকর্ম বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়-কে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করেছেন:

- (ক) ট্রেজারার হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময়কাল শেষ হওয়ার পূর্বেই এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;
- (খ) ট্রেজারার পদে তিনি মাসিক ২০,০০০/- (বিশ হাজার) টাকা হারে সম্মানী ভাতা পাবেন;
- (গ) তিনি বিধি মোতাবেক ট্রেজারার পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;
- (ঘ) জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ ও সংশ্লিষ্ট বিধি বিধান মোতাবেক ট্রেজারার তাঁর দায়িত্ব পালন করবেন;
- (ঙ) এই নিয়োগ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২-৭-২০১৮

হাবিবুর রহমান

উপসচিব

ফোন: ৯৫৭২১৮৫

ইমেইল: ds_univ1@moedu.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭৯.১১.১৩১.০৬.২৩০/১(১৬)

তারিখ: ১৮ আষাঢ়. ১৪২৫

০২ জুলাই ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, জন বিভাগ
- ৪) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) সচিব, জননিরাপত্তা বিভাগ
- ৬) ভাইস-চ্যান্সেলর, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
- ৭) ভাইস-চ্যান্সেলর, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৮) মো. জালাল উদ্দিন, অবসরপ্রাপ্ত প্রফেসর, সমাজকর্ম বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
- ৯) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
- ১০) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১১) রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
- ১২) রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
- ১৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১৪) পি. আই. ডি., তথ্য মন্ত্রণালয়, ঢাকা
- ১৫) সিনিয়র তথ্য অফিসার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ১৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ